

**সেদার টেকনোলজি ও  
টেকসটাইল ইনস্টিটিউট  
কলেজের মর্ষাদা পেল**

বাংলাদেশ ইনস্টিটিউট অব সেদার  
টেকনোলজি ও বাংলাদেশ টেকস-  
টাইল ইনস্টিটিউটকে ঢাকা বিশ্ব-  
বিদ্যালয়ের আওতাভুক্ত কলেজ  
হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।  
ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অন-  
শ্রম এই কলেজ দুটির শিক্ষা সংক্রান্ত  
বিষয়াদি নিয়ন্ত্রণ করবে। ইনস্টি-  
টিউট অব সেদার টেকনোলজি  
বাংলাদেশ কলেজ অব সেদার টেক-  
নোলজি এবং টেকসটাইল ইনস্টি-  
টিউট এখন থেকে কলেজ অব টেকস-  
টাইল টেকনোলজি নামে পরিচিত  
হবে। দুটি কলেজে ডিগ্রী ও  
ডিপ্লোমা কোর্স ১৯৭৯-৮০  
শিক্ষা বর্ষ থেকে পড়ানো হবে।  
খবর প্রেস বিজ্ঞপ্তির।